यांश्ला प्रारिश्य अयुज्जून किहू प्रश्न ३ उउँय

অটোমেটিক ল্রুলের মাধ্যমে ই-বুক পড়া / রিড়ের জন্যঃ

আপনার ই-বুক বা pdf রিডারের Menu Bar এর View অপশনটি তে ক্লিক করে Auto /Automatically Scroll অপশনটি সিলেক্ট করুন (অথবা সরাসরি যেতে ⇒ Ctrl + Shift + H)। এবার ↑ up Arrow বা ↓ down Arrow তে ক্লিক করে আপনার পড়ার সুবিধা অনুসারে স্ক্রুল স্পীড ঠিক করে নিন।

বিভিন্ন পরীক্ষায় আসা গুরুত্বপূর্ণ সব প্রশ্ন ও উত্তর:-

১. বাংলা সাহিত্যের ইতিহাসে কোন সময়কে অন্ধকার যুগ বলা

হয়? Ans:- ১২০১ খ্রিষ্টাব্দ থেকে ১৩৫০ সময় পর্যন্ত

- ২. কোন সময়ে বাংলা সাহিত্যে লিখিত নিদর্শন ছিল না? Ans:- অন্ধকার যুগ।
- ৩. বাংলা সাহিত্যের আদি নির্দশন কোনটি? কোন সময়ে রচিত হয়?

উত্তর:- চর্যাপদ, এর অন্য নাম চর্যাচর্যবিনিশ্চয়। পাল শাসনামলে এটি রচিত হয়।

- 8. চর্যাপদ হচ্ছে Ans:- গানের সংকলন
- ৫. চর্যাপদ রচনা করেন Ans:- বৌদ্ধ সহজিয়াগণ
- ৬. চর্যাপদ আবিষ্কৃত হয় কত সালে? আবিষ্কৃত পদসংখ্যা কয়টি ?

উত্তর:- ১৯০৭ সালে। হরপ্রসাদ শাস্ত্রী এটি আবিষ্কার করেন। এ পর্যন্ত আবিষ্কৃত পদসংখ্যা সাড়ে ৪৬টি।

৭. চর্যাপদের রচয়িতা কয়জন ? কোন ভাষায় রচিত হয়?

উত্তর:- চর্যাপদের মোট রচয়িতা ২৪জন। এটি সন্ধ্যা ভাষায় রচিত হয় বলে পন্ডিতগণ বলেছেন।

- ৮. চর্যাপদে সর্বাপেক্ষা বেশি পদ রচনা করেন Ans:- কাহ্নপা। তিনি ১৩টি পদ রচনা করেন কিন্তু পাওয়া গেছে ১২টি।
- ৯. চর্যাপদের ভাষা হচ্ছে Ans:- সান্ধ্য বা আলো Ans:-অাঁধারি ভাষা।
- ১০. চর্যাপদ গ্রন্থের প্রথম পদটি হচ্ছে Ans:- লুইপার।
- ১১. চর্যাপদে কবিদের মধ্যে কে সবচেয়ে প্রচীন? Ans:- শবরপা।
- ১২. চর্যাপদের মহিলা কবি কে ছিলেন? Ans:- কুরুরীপা।
- ১৩. চর্যাপদ রচয়িতরা ছিলেন Ans:- দ্বাদশ শতাব্দীর
- ১৪. চর্যাপদের মূল প্রতিপাদ্য কী?

উত্তর:- বৌদ্ধ ধর্মের সাধন প্রণালী ও দর্শনতত্ত্ব।

১৫. চর্যাপদকে হরপ্রসাদ শাস্ত্রী কি নামে সম্পাদনা ও প্রকাশ করেন?

উত্তর:- 'হাজার বছরের পুরান বাঙ্গালা ভাষায় বৌদ্ধগান ও দোহা।' বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে এটি (১৯১৬) সালে প্রকাশিত হয়।

- ১৬. যুগসন্ধির কবি কাকে বলা হয়? Ans:- ঈশ্বরচন্দ্রগুপ্তকে। ১৭. ঈশ্বরচন্দ্রগুপ্ত ছিলেন Ans:- কবি ও সাংবাদিক। ঈশ্বরচন্দ্রগুপ্ত 'সংবাদ প্রভাকর' (১৮৩৯) পত্রিকার সম্পাদক ছিলেন। এটি বাংলা ভাষায় প্রকাশিত প্রথম দৈনিক পত্রিকা। ১৯. বিশ্বে কয়টি মহাকাব্য রয়েছে? Ans:- ৪টি (রামায়ণ, মহাভারত, ইলিয়াড ও ওডেসি।) ২০. মহাভারত Ans:- সংস্কৃত ভাষায় লেখা। মূল লেখক হলেন Ans:- কৃষ্ণ দ্বৈপায়ন ব্যাসদেব। ২১. বাংলায় প্রথম মহাভারত অনুবাদকারী হলেন Ans:- কবীন্দ্র পরমেশ্বর। ২২. বাংলায় প্রথম রামায়ণ অনুবাদকারী হলেন Ans:- কৃত্তিবাস ওঝা। ২৩. রামায়ণ রচয়িতার একমাত্র মহিলা কবি হলেন Ans:- চন্দ্রাবতী। ২৪. জঙ্গনামা কি? Ans:- যুদ্ধকাব্য। ২৫. কয়েকজন উলে-খযোগ্য কবিওয়ালা হলেন Ans:- গোঁজলা গুই, হরু ঠাকুর, ফিরিঙ্গি। ২৬. ড. দীনেশচন্দ্র সেনের আগ্রহে এবং আশুতোষ মুখোপাধ্যায়ের পৃষ্ঠপোষকতায় Ans:-চন্দ্রকুমার দে মৈমনসিংহ গীতিকাগুলো সংগহ করেন। ২৭. "যে সব বঙ্গেতে জন্মি হিংসে বঙ্গবাণী সে সব কাহার জন্ম নির্ণয় ন জানি।" Ans:-এই পংক্তি আব্দুল হাকিম রচিত 'নূরনামা' কাব্য থেকে নেওয়া হয়েছে। ২৮. আলাওলের শ্রেষ্ঠ রচনা হচ্ছে Ans:- 'পদ্মাবতী' ২৯. মধ্যযুগের মুসলমান কবিদের মধ্যে সর্বাপেক্ষা প্রাচীন কোন কবি? Ans:- শাহ মুহাম্মদ সগীর। 'ইউসুফ জোলেখা' কার রচিত? Ans:- শাহ মুহাম্মদ সগীর। ৩১. জ্ঞানটোতিশা, জ্ঞানপ্রদীপ এর রচয়িতা কে? Ans:- সৈয়দ সুলতান। ৩২, অধীকাংশ বৈষ্ণব পদাবলী Ans:- 'ব্ৰজবুলি' ভাষায় রচিত ৩৩. 'মর্সিয়া' শব্দটি Ans:- আরবি থেকে এসেছে। ৩৪. 'মর্সিয়া শব্দের অর্থ Ans:- শোক প্রকাশ করা। ৩৫. আদি মহাকাব্য Ans:- রামায়ন ৩৬. বাংলা সাহিত্যের প্রথম কাব্য সংকলন (কাব্যগ্রন্থ) Ans:- প্রাচীনতম ও প্রথম নিদর্শন 'চর্যাপদ'। ৩৭. বাংলা সাহিত্যের প্রথম ও শ্রেষ্ঠ মহাকাব্য Ans:- মেঘনাদবধ (মাইকেল মধুসূদন দত্ত, ১৮৬১) ৩৮. বাংলা ভাষার আদি কবি Ans:- লুইপা। ৩৯. বাংলা ভাষার আদি কবিদের মধ্যে সবচেয়ে বেশি কাব্য রচনা করেন Ans:- কাহ্নপা। 8o. বাংলা ভাষার পূর্ববর্তী স্তরের নাম Ans:- মাগধী প্রাকৃত ৪১. মধ্যযুগের আদি নির্দশন কোনটি ? রচিয়তা কে ?
- 8২. বসন্তরঞ্জন রায় বিদ্বদ্ধল-ভ ১৯০৯ (১৩১৬ বঙ্গাব্দ) খ্রিষ্টাব্দে পশ্চিম বঙ্গের বাঁকুড়া জেলার কাকিলল্ল গ্রামের এক গৃহস্থবাড়ির গোয়াল ঘর থেকে শ্রীকৃষ্ণকীর্তন এর পান্ডুলিপি উদ্ধার করেন।

উত্তর:- শ্রীকৃষ্ণকীর্তন কাব্য। রচয়িতা বড় চন্ডিদাস (প্রকৃত নাম অনন্ত)

```
৪৩. শ্রীকৃষ্ণকীর্তন কোন সালে কোথায় প্রকাশিত হয় ?
 উত্তর:- ১৯১৬ সালে বঙ্গীয় সাহিত্য পরিষদ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়।
88. খ্রীকৃষ্ণকীর্তন কত খন্ডে বিভক্ত ? উত্তর:- ১৩টি খন্ডে।
৪৫. শ্রীকৃষ্ণকীর্তন কান্যের উলে-খযোগ্য চরিত্রগুলো কী কী ?
 উত্তর:- কৃষ্ণ, বড়াই, রাধা ইত্যাদি।
৪৬. শূন্যপুরাণ Ans:- রামাই পন্ডিত রচিত। এটি বৌদ্ধ ধর্মীয় তত্ত্বের একটি গ্রন্থ।
89. সেক শুভোদয়া Ans:- হলায়ুধ মিশ্র রচিত। এটি পীর মাহাত্ম্য Ans:-ব্যঞ্জ কাব্য। এর রচনাকাল ষোড়শ শতাব্দীর মধ্যে।
৪৮. মধ্যযুগে বাংলায় প্রধান সাহিত্যধারার অন্যতম হচ্ছে Ans:- বৈষ্ণব সাহিত্য, মঙ্গলকাব্য, শাক্তপদ, অনুবাদ সাহিত্য।
৪৯. মধ্যযুগে সাহিত্যের ধারাগুলোর মধ্যে Ans:- বৈষ্ণব সাহিত্যধার সমৃদ্ধছিল।
৫০. বাংলা সাহিত্যে (১৫০০ Ans:-১৭০০) খ্রিষ্টাব্দ সময়কে Ans:- চৈতন্য বলে।
৫১. মঙ্গলকাব্যের প্রধান শাখা Ans:- ৩টি। যথা : মনসামঙ্গল, চন্ডীমঙ্গল অন্নদামঙ্গল।
৫২. মনসামঙ্গল কাব্যের আদি কবি হচ্ছেন Ans:- কানা হরিদত্ত।
৫৩. চন্ডীমঙ্গল ধারার প্রধান কবি হচ্ছেন Ans:- মুকুন্দরাম চক্রবর্তী (মোল শতকের কবি)
৫৪. অন্নদামঙ্গল কাব্য ধারার প্রধান কবি হচ্ছেন Ans:- ভারতচন্দ্র রায়।
৫৫. দৌলতকাজী ছিলেন Ans:- মধ্যযুগের বিশিষ্ট কবি।
৫৬. দৌলতকাজী রচিত কাব্যের নাম Ans:- সতীময়না ও লোর চন্দ্রনী
৫৭. মধ্যযুগের কবি হচ্ছেন Ans:- ভারতচন্দ্র রায়।
৫৮. 'আমার সন্তান যেন থাকে দুধে ভাতে' এই লাইন কোথা থেকে নেওয়া হয়েছে?
Ans:- ভারত চন্দ্র রচিত 'অন্নদামঙ্গল' কাব্য থেকে। এ উক্তিটি করেছেন Ans:- ঈশ্বরী পাটনী।
৫৯. ভারতচন্দ্র রায়ের উপাধি কি ছিল? Ans: রায় গুণাকর।
৬০. মুকুন্দরাম চক্রবর্তীর উপাধি কি ছিল? Ans:- কবিকঙ্কন।
৬১. বৈষ্ণব পদাবলীর আদি রচয়িতা কে? Ans:- বড়ু চন্ডীদাস।
৬২. 'খ্রীকৃষ্ণবিজয়' কাব্যের রচয়িতা কে? Ans:- মালাধর বসু।
৬৩. বাংলা টপ্পা সংগীত প্রবর্তক হলেন Ans:- রাম নিধিগুপ্ত। তার ডাক নাম হচ্ছে Ans:- 'নিধুবাবু'
৬৪. "নানান দেশের নানা ভাষা
 বিনে স্বদেশী ভাষা
 পুরে কি আশা?"
  Ans:- এর রচয়িতা কে? Ans:-রাম নিধি গুপ্ত
৬৫. শ্যাম সংগীতের রচয়িতা Ans:- রাম প্রসাদ সেন
৬৬. বাংলা লিপির উৎস কী ? <u>উত্তর:</u> ব্রাহ্ম লিপি।
৬৭. বৈশ্বব পদাবলী কোন ভাষায় ও কোন সময়ে রচিত হয় ?
 উত্তর:- মধ্যযুগে ব্রজবুলি (বাংলা ও মৈথিলী ভাষার মিশ্রণ) ভাষায় রচিত হয়।
```

```
৬৮. রাজকণ্ঠের মনিমালা কি ধরনের রচনা ? রচয়িতা কে ?
  উত্তর:- বৈষ্ণব পদাবলীর অংশ। রচয়িতা বিদ্যাপতি।
৬৯. বৈষ্ণব ভাবাপন্ন মুসলমান কবি গ্রন্থটির রচয়িতা কে ?
  উত্তর:- যতীন্দ্রমোহন ভট্টাচার্য।
৭০. বিদ্যাপতিকে কী নামে ডাকা হয় ?
 <u>উত্তর:-</u> মৌথিলী কোকিল।
৭১. কয়েকজন মুসলিম বৈষ্ণব পদকর্তার নাম উলে-খ কর।
 উত্তর:- শেখ কবির, আলাওল, সৈয়দ সুলতান, সৈয়দ আইনুদ্দিন, সৈয়দ মর্তুজা প্রমুখ।
৭২. উইলিয়াম কেরির রচনা কোনটি ?
উত্তর:- কথোপকথন, ইতিহাসমালা ইত্যাদি।
৭৩. কোন সাহিত্যে ফরাসি, হিন্দি, বাংলা, আরবী ও তুর্কী ভাষার মিশ্রণ ঘটেছিল?
উত্তর:- পৃঁথি সাহিত্যে।
৭৪. মঙ্গল কাব্যের প্রাচীনতম ধারা কোনটি ?
উত্তর:- মনসামঙ্গল।
৭৫. কয়েকটি পৌরাণিক কাব্যের নাম লেখ?
উত্তর:- অন্নদামঙ্গল, কমলামঙ্গল, দুর্গামঙ্গল, গৌরিমঙ্গল ইত্যাদি।
৭৬. মঙ্গল কাব্যের উলে-খযোগ্য চরিত্রের নাম কী কী?
উত্তর:- মনসা দেবী, চাঁদ সওদাগর, বেহুলা, কেতকা দেবী ইত্যাদি।
৭৭. মনসামঙ্গল কাব্যের আদি রচয়িতা কে?
উত্তর:- কানা হরিদত্ত।
৭৮. মনসামঙ্গলের শ্রেষ্ঠ কবি কে ? তার বাড়ি কোথায় ?
উত্তর:- কবি নারায়ণ দেব। তার জন্মস্থান কিশোরগঞ্জ জেলার বোরগ্রামে।
৭৯. মধ্যযুগের অন্যতম শ্রেষ্ঠ কবি কে ? তার রচিত গ্রন্থের নাম কী?
উত্তর:- ভারতচন্দ্র রায় গুণাকার। তার উলে-খযোগ্য গ্রন্থ রস মঞ্জুরী, চন্ডী নাটক, নগাষ্টক ও গঙ্গাষ্টক ইত্যাদি।
৮০. অন্নদা মঙ্গল ও সত্যপীরের পাঁচালি কার রচনা ?
উত্তর:- ভারতচন্দ্র রায় গুণাকর।
৮১. কোন কবির মাধ্যমে মধ্যযুগের অবসান ঘটে ?
উত্তর:- ভারতচন্দ্র রায় গুণাকর।
৮২. বাংলার কোন অঞ্চলে বাংলা সাহিত্যের ব্যাপক চর্চা হত ?
উত্তর:- আরাকানের রাজসভায় তখন এর নাম ছিল রোসাঙ্গ।
৮৩. 'চন্দ্রাবতী' কোন কবির রচনা ?
উত্তর:- মাগন ঠাকুর।
```

```
৮৪. দৌলত কাজীর কোন গ্রন্থটি আলাওল সমাপ্ত করেছেন ?
উত্তর:- সতী ময়না ও লৌর চন্দ্রানী।
৮৫. আলাওল কোথায় জন্মগ্রহণ করেন? তার রচিত গ্রন্থ কোনগুলো ?
উত্তর:- ফরিদপুরের জালালপুরে। তার রচিত গ্রন্থ হল পদ্মাবতী, তোহফা, সইফুল মুলুক বিদিউজ্জামান।
৮৬. কার রচনার অনুসরণে ভ্রান্তি বিলাস রচিত হয় ?
উত্তর:- শেক্সপীয়রের The comedz of Errors Ans:-এর অনুকরণে।
৮৭. শ্রীরামপুর মিশন থেকে প্রকাশিত পত্রিকা কোনটি ?
উত্তর:- সমাচার দর্পণ ও দিকদর্শন।
৮৮. ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠার উদ্দেশ্য কী ছিল ?
উত্তর:- ইস্ট ইন্ডিয়া কোম্পানীর কর্মচারীদের দেশীয় ভাষা শিক্ষাদানের জন্য।
৮৯. পদ্মাবতী কোন গ্রন্থ অবলম্বনে রচিত ?
উত্তর:- হিন্দি কবি মালিক মুহাম্মদ জায়সী রচিত পদুমাবত গ্রন্থ অবলম্বনে।
৯০. বিপ্রদাস পিপলাই কে ? তার রচিত গ্রন্থের নাম কী ?
উত্তর:- চবিবশ পরগনার বাদুড়িয়া গ্রামে জন্মগ্রহণকারী একজন মঙ্গল কাব্যের
রচয়িতা। তার বিখ্যাত গ্রন্থটি হল মনসা বিজয়।
৯১. মনসাবিজয় কত সালে রচিত হয় ?
উত্তর:- ১৪৯৫।
৯২. সুকণ্ঠ গায়ক হিসেবে পরিচিত কোন কবি ?
উত্তর:- দ্বিজবংশী দাস।
৯৩. চন্ডী মঙ্গল কাব্যের আদি কবি কে ?
উত্তর:- মানিক দত্ত।
৯৪. ময়মনসিংহ গীতিকা করে প্রথম প্রকাশিত হয় ?
উত্তর:- ১৯২৩ সালে।
৯৫. ধর্ম মঙ্গল কাব্যের আদি কবি কে?
উত্তর:- ময়ুর ভট্ট।
৯৬. শ্যামা পশুত কোন কাব্য রচনা করেন ?
উত্তর:- নিরঞ্জন মঙ্গল।
৯৭. কালিকা মঙ্গল কাব্যের আদি কবি কে ?
উত্তর:- মুকুন্দরাম চক্রবর্তী।
৯৮. মধ্যযুগের বাংলা সাহিত্যে সর্বশ্রেষ্ঠ কবি কে ?
উত্তর:- বিজয় গুপ্ত।
৯৯. কোন কাব্য অনুসরণে আলাওল সইফুলমুলুক বদিউজ্জামান রচনা করেন?
```

```
উত্তর:- আরব্য উপন্যাসের আলিফ লায়লা অনুসরণে।
১০০. মধ্যযুগে স্বতন্ত্র ধারায় রচিত অনুবাদ সাহিত্য কোনটি ?
 উত্তর:- রোমান্টিক প্রণয়োপখ্যান।
১০১. বাংলা গদ্য সাহিত্যের বিকাশে কোন বিদেশীর অবদান সবচেয়ে বেশি?
 উত্তর:- উইলিয়াম কেরির।
১০২. মধ্যযুগে রোমান্টিক প্রণয়োপখ্যানগুলো কোন ভাষায় রচিত ?
 উত্তর:- ফরাসি ও হিন্দি ভাষায়।
১০৩. মুসলিম রোমান্টিক কবি কারা ?
 উত্তর:- শাহ মুহাম্মদ সগীর, দৌলত উজীর, আলাওল, ফকীর গরিবুলল্লহ প্রমুখ।
১০৪. ফরাসী ভাষা থেকে অনূদিত মুসলিম কবির রোমান্টিক কাব্য কোনগুলো?
 উত্তর:- ইউসুফ-জুলেখা, লাইলী -মজনু, হপ্ত পয়কর, গুলে বকাওয়ালী ইত্যাদি।
১০৫. বাংলা সাহিত্যে প্রাচীনতম মুসলিম কবি কে ?
 উত্তর:- শাহ মুহম্মদ সগীর, তার রচিত গ্রন্থ হল ইউসুফ Ans:-জুলেখা।
১০৬. দৌলত উজীরের উপাধি কী ? তিনি কোথায় জন্মগ্রহণ করেন ?
 উত্তর:- বাহরাম খান। তিনি চট্টগ্রামের ফতেহাবাদে জন্মগ্রহণ করেন।
১০৭. লাইলী Ans:-মজনু কে রচনা করেন ? এর মূল উৎস কী ?
 উত্তর:- দৌলত উজীর বাহরাম খান। এর মূল উৎস আরবীয় লোকগাঁথা।
১০৮. বাংলা ভাষার সবচেয়ে পুরানো পুঁথির নাম কী? কোথা থেকে পাওয়া গেছে ?
 উত্তর:- চর্যাপদ, নেপালের রাজদরবার থেকে।
১০৯. মধুমালতী কী ধরনের রচনা ? রচয়িতা কে ?
 উত্তর:- প্রণয়মূলক কাব্য। রচয়িতা মুহাম্মদ কবীর।
১১০. গদ্য ও পদ্যে রচিত রোমান্টিক প্রণয়কাব্য কোনটি? রচয়িতা কে?
 উত্তর:- গুলে বকাওয়ালী। রচয়িতা নওয়াজেশ আলী খান।
১১১. কোন কবির মাধ্যমে অনুবাদ সাহিত্যের যাত্রা শুরু হয় ?
 উত্তর:- কবি কৃত্তিবাস।
১১২. মহাভারত অনুবাদকারী কে কে ?
 উত্তর:- মালাধর বসু, কবীন্দ্র পরমেশ্বর, কাশিরাম দাস প্রমুখ।
১১৩. রামায়ণ কে রচনা করেন ?
 উত্তর:- কবি কৃত্তিবাস।
১১৪. রামায়ণ Ans:-এর প্রথম মহিলা অনুবাদকারী কে ?
 উত্তর:- চন্দ্রাবতী, কিশোরগঞ্জে তিনি জন্মগ্রহণ করেন।
১১৫. মহাভারতের আদি অনুবাদক কে ?
```

```
উত্তর:- কবীন্দ্র পরমেশ্বর।
১১৬. পুঁথি সাহিত্যের সময়কাল কত ?
  উত্তর:- ১৮শ শতক থেকে ১৯শ শতকের মাঝামাঝি।
১১৭. টপ্পা গানের জনক কে ?
 উত্তর:- রাম নিধি গুপ্ত (নিধু বাবু)।
১১৮. নানান দেশের নানা ভাষা "গানটির রচয়িতা কে ?
 উত্তর:- রাম নিধি গুপ্ত।
১১৯. পুঁথি সাহিত্যের প্রথম সার্থক কবি কে ?
 উত্তর:- ফকির গরীবুল্লাহ।
১২০. ফকির গরীবুল্লাহ Ans:-এর প্রধান পুঁথি সাহিত্য কোনটি ?
 উত্তর:- ইউসুফ Ans:-জুলেখা।
১২১. গোরক্ষ বিজয় Ans:-এর রচয়িতা কে ? এর সম্পাদক কে ?
 উত্তর:- শেখ ফয়জুলাহ। সম্পাদক সুনীতিকুমার চট্টোপাধ্যায়।
১২২. মর্সিয়া সাহিত্য কোন ধরনের রচনা?
 উত্তর:- পারস্য দেশীয় সাহিত্যের অনুকরণে শোকগাঁথা মূলক সাহিত্যকে বলা হয় মর্সিয়া সাহিত্য।
১২৩. মর্সিয়া সাহিত্যের আদি কবি কে?
 উত্তর:- শেখ ফয়জুলল্লহ।
১২৪. কয়েকটি মর্সিয়া সাহিত্যের নাম লেখ?
 উত্তর:- জয়নালের চৌতিশা, জঙ্গনামা ইত্যাদি।
১২৫. জঙ্গনামা কে কে রচনা করেন?
 উত্তর:- ফকির গরীবুল্লাহ, মুহাম্মদ খান, হায়াত মাহমুদ প্রমুখ।
১২৬. শ্রীরামপুর মিশন কত সালে প্রতিষ্ঠিত হয় ?
  উত্তর:- ১৮০০।
১২৭. শ্রীরামপুর মিশনের অধ্যক্ষ কে ছিলেন ?
  উত্তর:- উইলিয়াম কেরি। ১৭৯৩ সালে তিনি কলকাতায় আগমন করেন।
১২৮. ফোর্ট উইলিয়াম কলেজ কে প্রতিষ্ঠা করেন ?
  উত্তর:- ১৮০০ সালের ৪ মে লর্ড ওয়েলেসলি। ৪ ঠা মে কলেজের প্রতিষ্ঠা
হলেও ২৪ শে নভেম্বর থেকে কলেজের কাজ শুরু হয়ে ছিল।
১২৯. লোক সাহিত্যের গবেষণায় বিশেষ কৃতিত্ব দেখিয়েছেন কোন ব্যক্তি?
 উত্তর:- ড: আশরাফ সিদ্দিকী।
১৩০. লোক সাহিত্যের প্রাচীনতম সৃষ্টি কী কী ?
 উত্তর:- ছড়া ও ধাঁধা।
```

```
১৩১. আখ্যানমূলক লোকগীতি কী নামে পরিচিত ?
  উত্তর:- লোকগীতি।
১৩২. লোক সাহিত্য সংগ্রহকারী সংগঠনকে কী বলা হয় ?
  উত্তর:- Folklore Societz.
১৩৩. ময়মনসিংহ গীতকার উলে-খযোগ্য রচনা কী কী ?
  উত্তর:- মহুয়া, চন্দ্রাবতী, কাজল রেখা, দেওয়ানা মদিনা ইত্যাদি।
১৩৪. ময়মনসিংহ গীতিকা কে সংগ্রহ করেন ?
  উত্তর:- দীনেশ চন্দ্র সেন।
১৩৫. দেওয়ানা মদিনা পালাটির রচয়িতা কে ?
  উত্তর:- মনসুর বয়াতী।
১৩৬. বাঙালি রচিত প্রথম মুদ্রিত গ্রন্থ কোনটি ?
  উত্তর:- রাজা প্রতাপাদিত্য চরিত্র।
১৩৭. বাংলা সাহিত্যের প্রথম উপন্যাস কোনটি ?
  উত্তর:- আলালের ঘরের দুলাল, রচয়িতা প্যারিচাঁদ মিত্র।
১৩৮. বাংলা গদ্য সাহিত্যের প্রথম নিদর্শন কোনটি ?
  উত্তর:- ব্রাহ্মণ রোমান ক্যাথলিক সংবাদ। রচয়িতা দোম আন্তনিও
১৩৯. কোন সময়কে বাংলা গদ্যের উন্মেষকাল ধরা হয় ?
  উত্তর:- ১৮০১ -১৮৪৭ খ্রিস্টাব্দ সময়কালকে।
১৪০. প্রচীনযুগে রচিত বাংলা সাহিত্যের নির্দশন চর্যাপদ চর্যগীতি,
চর্যাচর্যবিনিশ্চয়, আশ্চর্যচর্যাচয় নামে পরিচিত।
১৪১. ফোর্ট উইলিয়াম কলেজে বাংলা বিভাগ খোলা হয় Ans:-১৮০১ সালে।
১৪৩. আদি মহাকাব্য হচ্ছে Ans:- রামায়ণ
১৪৪. ফোর্ট উইলিয়াম কলেজ Ans:-১৮৫৪ সাল পর্যন্ত চালু ছিল।
১৪৫. বাংলা মৌলিক নাটকের সূত্রপাত Ans:-১৮৫২ সালে।
১৪৬. বাংলা নাটকে বিয়োগান্ত নাটক রচনার প্রথম প্রচেষ্টা
যোগেন্দ্রচন্দ্র গুপ্তের 'কীর্তিবিলাস' Ans:-১৮৫২
১৪৭. বাংলা সাহিত্যের প্রথম সার্থক উপন্যাস বঙ্কিমচন্দ্রের 'দুর্গেশ
নন্দিনী' (১৮৬৫)। এটি বঙ্কিমচন্দ্রের বাংলা ভাষায় লেখা প্রথম উপন্যাস।
১৪৮. সনেটের জন্ম ইতালি।
১৪৯. 'সনেট' অর্থ চর্তুদশপদী কবিতা।
১৫০. বাংলা সাহিত্যে প্রথম সনেট রচয়িতা মধুসূদন ইতালীয় রীতিতে সনেট রচনা করতেন।
১৫১. বাংলা সাহিত্যের কণিষ্ঠতম সন্তান বলা হয় Ans:- ছোটগল্পকে।
```

```
১৫২. বাংলা সাহিত্যের প্রথম সার্থক ট্রাজেডি নাটক 'কৃষ্ণকুমারী' (মাইকেল মধুসূদন দত্ত ১৮৬১)
১৫৩. বাংলা সাহিত্যের প্রথম সার্থক নাট্যকার/ বাংলায় প্রথম সনেট রচনাকারী/ বাংলা সাহিত্যের প্রথম মহাকাব্য রচয়িতা
Ans:- মাইকেল মধুসূদন দত্ত।
১৫৪. বাংলা সাহিত্যের প্রথম মহিলা কবি Ans:- চন্দ্রাবতী।
১৫৫. বাংলা সাহিত্যের প্রথম মহিলা ঔপন্যাসিক Ans:-স্বর্ণকুমারী দেবী।
১৫৬. বাংলা সাহিত্যের প্রথম যতিচিহ্নের ব্যবহারকারী Ans:- ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।
১৫৭. বাংলা সাহিত্যে প্রথম চলিত রীতির ব্যবহারকারী Ans:- প্রমথ চৌধুরী
১৫৮. বাংলা ব্যাকরণ প্রথম রচনাকরী (অবাঙালি) Ans:- ম্যানুয়েল দ্যা অ্যাসসুস্পসাও (১৭৩৪)
১৫৯. বাংলা ভাষায় প্রথম বাংলা ব্যাকরণ রচনা করেন Ans:-রাজা রামমোহন রায়।
১৬০. ফররুখ আহমেদ রচিত সনেট গ্রন্থের নাম Ans:- মুহূর্তের কবিতা (১৯৬৩)
১৬১. রবীন্দ্রনাথের শেষ কাব্যের নাম Ans:- 'শেষ লেখা'।
১৬২, রবীন্দ্রনাথের 'শেষের কবিতা' একটি কাব্যধর্মী উপন্যাস।
১৬৩. কাজী নজরুল ইসলামের প্রথম প্রবন্ধ গ্রন্থ Ans:- 'যুগবাণী' (১৯২২)
১৬৪. কাজী মোতাহার হোসেন 'শিখা' পত্রিকার সম্পাদক ছিলেন।
১৬৫. কায়কোবাদ রচিত বিখ্যাত কাব্যগ্রন্থ হচ্ছে Ans:- (ক) গীতিকাব্য: অশ্রুমালা (১৮৯৫) (খ) মহাকাব্য: মহাশ্মশান (১৯০৫)
১৬৬. কায়কোবাদ বাঙালি মুসলমান কবিদের মধ্যে প্রথম মহাকাব্য রচয়িতা এবং প্রথম সনেট রচয়িতা।
১৬৭. পানি পথের তৃতীয় যুদ্ধের কা হিনী নিয়ে কায়কোবাদের 'মহাশাশান' রচিত হয়।
১৬৮. 'হুতুম প্যাঁচার নকশা (১৮৬২) গ্রন্থের রচয়িতা কালীপ্রসন্ন সিংহ।
১৬৯. "আমাদের দেশে হবে সেই ছেলে কবে কথায় না বড় হয়ে কাজে বড় হবে"
Ans:- এই কবিতার রচয়িতা কে? Ans:- কুসুমকুমারী দাশ (জীবনানন্দ দাশের মাতা)।
১৭০. কোন কবিকে স্বভাবকবি বলা হয়? Ans:- গোবিন্দচন্দ্র দাস।
১৭১. দিকদর্শন, সমাচার দর্পন Ans:- কে সম্পাদনা করেন? Ans:- জন ক্লার্ক মার্শম্যান।
১৭২. 'জসীমউদ্দিন রচিত একমাত্র উপন্যাস হচ্ছে Ans:-'বোবা কাহিনী' (১৯৬৪)
১৭৩. নকশী কাঁথার মাঠ (১৯২৯) কাব্যটি E.M Millford (ই.এম মিলফোর্ড) 'Field ofthe memorz quiltn নামে ইংরেজিতে
অনুবাদ করেন।
১৭৪. জহির রায়হান রচিত গল্পগ্রন্থ Ans:-সূর্যগ্রহণ (১৯৬২)
১৭৫. বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম নিয়ে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় রচিত
উপন্যাস Ans:- 'একটি কালো মেয়ের কথা' (১৯৭১)
১৭৬. উইলিয়াম কেরি রচিত গ্রন্থ Ans:- কথোপকথন (১৮০১), ইতিহাসমালা (১৮১২)
১৭৭. দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার 'দৃষ্টিহীন ছদ্মনামে' লিখতেন।
১৭৮. দ্বিজেন্দ্রলাল রায় রচিত সার্থক ঐতিহাসিক নাটক Ans:- 'সাজাহান' (১৯০৯)
১৭৯. 'ধনধান্য পুষ্পে ভরা আমাদের এই বসুন্ধরা' Ans:-এই গানটির রচয়িতা Ans:- দ্বিজেন্দ্রলাল রায়।
```

```
১৮০. 'বঙ্গভাষা ও সাহিত্য' (১৮৯৬) গ্রন্থটির রচয়িতা Ans:- দীনেশচন্দ্র সেন।
১৮১. 'বেদে' উপন্যাসটির রচয়িতা কে? Ans:- অচিন্ত্যকুমার সেনগুপ্ত।
১৮২. অচিন্ত্যকুমার সেনগুপ্তের প্রথম কাব্যগ্রন্থ Ans:-'অমাবস্যা' (১৯৩০)।
১৮৩. অতুলপ্রসাদ সেন একাধারে ছিলেন কবি, গীতিকার ও গায়ক।
১৮৪. 'মোদের গরব, মোদের আশা, আমরি বাংলা ভাষা'-এই গানটির রচয়িতা হলেন Ans:- অতুল প্রসাদ সেন।
১৮৫. অদ্বৈত মল-বর্মণ 'নবশক্তি' পত্রিকার সম্পাদক ছিলেন।
১৮৬. অমিয় চক্রবর্তী ছিলেন রবীন্দ্রনাথের সাহিত্য সচিব।
১৮৭. চিলেকোঠার সেপাই, খোয়াবনামা, উপন্যাসের রচয়িতা Ans:- আখতারুজ্জামান ইলিয়াস।
১৮৮. 'চিলেকোঠার সেপাই' উপন্যাসটি ৬৯ এর গণঅভ্যুত্থানের পেক্ষাপট নিয়ে রচিত।
১৮৯. আনোয়ার পাশা রচিত মুক্তিযুদ্ধ ভিত্তিক উপন্যাস Ans:-'রাইফেল রোটি আওরাত'।
১৯০. আব্দুলল্লহ আল মামুন রচিত কয়েকটি বিখ্যাত নাটক হচ্ছে Ans:- সুবচন নির্বাসনে (১৯৭৪), কোকিলারা (১৯৯০)।
১৯১. আবু ইসহাক রচিত উপন্যাস Ans:-সূর্য দীঘল বাড়ী (১৯৫৫), পদ্মার পলিদ্বীপ (১৯৮৬), জাল (১৯৮৮)।
১৯২. 'আমি কিংবদন্তীর কথা বলছি' -এই কবিতার রচয়িতার নাম Ans:- আবু জাফর ওবায়দুলল্লহ।
১৯৩. 'সোনালী কাবিন' (১৯৭৩) কাব্যগ্রন্থটির রচয়িতা Ans:- আল মাহমুদ।
১৯৪. আল মাহমুদের বিখ্যাত কাব্যগ্রন্থটি হচ্ছে Ans:- লোক লোকান্তর (১৯৬০), কালের কলস (১৯৬৬), সোনালী কাবিন (১৯৭৩)
১৯৫. 'পান কৌড়ির রক্ত' (১৯৭৫), গল্পগ্রন্থটির রচয়িতা Ans:- আল মাহমুদ
১৯৬. 'আগুনের মেয়ে' উপন্যাসের রচয়িতা Ans:- আল মাহমুদ।
১৯৭. 'মানচিত্র' (১৯৬১) কাব্যগ্রন্থের রচয়িতা Ans:- আলাউদ্দিন আল Ans:-আজাদ
১৯৮. আলাউদ্দিন আল Ans:-আজাদ রচিত উপন্যাস Ans:- 'তেইশ নম্বর তৈলচিত্র' (১৯৬০)
১৯৯. 'জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি যেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব।' - এটি কোন পত্ৰিকায় লেখা ছিল? Ans:- 'শিখা'।
২০০. বুদ্ধির মুক্তি আন্দোলনের পত্রিকার নাম ছিল Ans:- 'শিখা'।
২০১. 'আয়না' গল্পগ্রন্থের রচয়িতা Ans:- আবুল মনসুর আহমদ।
২০২. আবুল মনসুর আহমদ রচিত রাজনীতি বিষয়ক গ্রন্থ Ans:- 'আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর' (১৯৬৯)।
২০৩. বাংলা গদ্যের জনক কাকে বলা হয়? Ans:- ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।
২০৪. 'শাশ্বতবঙ্গ' (১৯৫১) প্রবন্ধ গ্রন্থটির রচয়িতা Ans:- কাজী আবদুল ওদুদ।
২০৫. 'সত্যসুন্দর দাস' ছদ্ম নামে কে লেখতেন? Ans:- মোহিতলাল মজুমদার
২০৬. বাংলা গদ্যের প্রাথমিক যুগের গুরুত্বপূর্ণ লেখক রামবসু 'লিপিমালা (১৮০২) তাঁর বিখ্যাত গ্রন্থ।
২০৭. রামমোহন রায়ের বাংলায় সম্পাদিত পত্রিকার নাম 'সংবাদ কৌমুদী' (১৮২১)
২০৮. পদ্মরাগ উপন্যাসটি কার? Ans:- বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন।
২০৯. বাংলা সাহিত্যের প্রথম সার্থক ট্রাজেডি নাটক কোনটি?
 উত্তর:- কৃষ্ণকুমারী নাটক।
২১০. চর্যাপদের ভাষাকে কে বাংলায় প্রতিপন্ন করেন?
```

```
উত্তর:- অধ্যাপক সুনীতিকুমার চট্টোপাধ্যায়।
২১১. চর্যাপদের আদি কবি কে ?
 উত্তর:- লুইপা। তবে সবচেয়ে বেশী রচয়িতা হলেন কাহ্নপা।
২১২. চন্ডীদাসের খ্যাতি কী হিসেবে ?
 উত্তর:- বৌদ্ধ সহজিয়া হিসেবে।
২১৩. বাংলা সাহিত্যে গদ্যের ব্যবহার কত সাল থেকে ?
 উত্তর:- উনিশ শতক থেকে ।
২১৪. ইংরেজি ভাষায় বাংলা ব্যাকরণ রচনা করেন কে ?
 উত্তর:- ব্রাসি হ্যালহেড।
২১৫. কবি ওয়ালাদের মধ্যে সবচেয়ে পুরানো কবিয়াল কে?
 উত্তর:- গোজলা গুঁই ঠাকুর।
২১৬. কবি গানের বিকাশ যুগ কোনটি ?
 উত্তর:- ১৭৩০ সাল থেকে ১৮৩০ সাল পর্যন্ত।
২১৭. শিশু সাহিত্যিক হিসেবে পরিচিত একজন সাহিত্যিক হলেন ?
 উত্তর:- আল কামাল আব্দুল ওহাব।
২১৮. মুনীর চৌধুরী কী জন্য বিখ্যাত ছিলেন ?
 উত্তর:- একজন নাট্যকার ও গবেষক হিসেবে।
২১৯. শাহেদ আলী কিসের জন্য বিখ্যাত?
 উত্তর:- ছোট গল্পকার হিসেবে।
২২০. শামসুর রাহমানের কবিতার বৈশিষ্ট্য কী ?
  উত্তর:- নাগরিকতা।
২২১. ঢাকা মুসলিম সাহিত্য সমাজ -এর প্রধান লেখক কে কে ছিলেন ?
 উত্তর:- কাজী আব্দুল ওয়াদুদ, আবু হোসেন প্রমুখ।
২২২. বাংলা একাডেমী কত সালে প্রতিষ্ঠিত হয় ?
 উত্তর:- ৩ ডিসেম্বর, ১৯৫৫ সাল।
২২৩. উপমহাদেশে কখন, কোথায় প্রথম ছাপাখানা প্রতিষ্ঠিত হয় ?
  উত্তর:- ১৪৯৮ সালে গোয়ায়।
২২৪. বাংলা গীতি কবিতায় ভোরের পাখি কাকে বলা হয়?
 উত্তর:- বিহারী লাল চক্রবর্তী।
২২৫. রূপসী বাংলার কবি কে ?
উত্তর:- জীবনানন্দ দাশ।
২২৬. কোন বিখ্যাত লেখক বীর বল ছদ্মনামে লিখতেন ?
```

```
উত্তর:- প্রমথ চৌধুরী।
২২৭. রবীন্দ্রনাথ ঠাকুরের ছদ্মনাম কী?
 উত্তর:- ভানুসিংহ ঠাকুর।
২২৮. বাংলা টি এস ইলিয়টের কবিতার প্রথম অনুবাদক কে ?
 উত্তর:- রবীন্দ্রনাথ ঠাকুর।
২২৯. বাংলায় কুরআন শরীফের প্রথম অনুবাদক কে?
 উত্তর:- ভাই গিরিশচন্দ্র সেন।
২৩০. কবর নাটকটির উপজীব্য কী ?
 উত্তর:- মুনীর চৌধুরী কর্তৃক ১৯৫২ সালে ভাষা আন্দোলনের পটভূমি নিয়ে কবর নাটক রচিত।
২৩১. আমার ভাইয়ের রক্তে রাঙ্গানো একুশে ফেব্রুয়ারি গানটির রচয়িতা কে?
 উত্তর:- আব্দুল গাফফার চৌধুরী।
২৩২. পুঁথি সাহিত্যের প্রাচীনতম লেখক কে ?
 উত্তর:- সৈয়দ হামজা।
২৩৩, অবরোধবাসিনী কার রচনা ?
 উত্তর:- বেগম রোকেয়ার।
২৩৪. চাচা কাহিনীর লেখক কে ?
 উত্তর:- সৈয়দ মুজতবা আলী।
২৩৫. বীরাঙ্গনা কার রচনা ? এর প্রকৃতি কী?
 উত্তর:- মাইকেল মধুসূদন দত্ত, পত্র কাব্য।
২৩৬. ইসলামের ইতিহাস ও ঐতিহ্য কোন কার্ব্যের উপজীব্য ? রচয়িতা কে?
 উত্তর:- সাত সাগরের মাঝি, ফররুখ আহমদ।
২৩৭. কোন রচনার জন্য সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী কারাবরণ করেন?
 উত্তর:- অনল প্রবাহ।
২৩৮. 'আব্দুল্লাহ' কী ধরনের গ্রন্থ? লেখক কে ?
 উত্তর:- উপন্যাস, কাজী ইমদাদুল হক।
২৩৯. 'আব্দুল্লাহ -উপন্যাসের উপজীব্য কী ?
 উত্তর:- তৎকালীন মুসলিম মধ্যবিত্ত সমাজচিত্র।
২৪০. দীনবন্ধু মিত্রের প্রহসন কোনটি ?
 উত্তর:- সধবার একাদশী।
২৪১. 'বিষাদ সিন্ধু' রচিত হয় কোন ঘটনাকে কেন্দ্র করে ?
 উত্তর:- কারবালার ঘটনাকে কেন্দ্র করে।
২৪২. মধুসূদন দত্তের দেশপ্রেমের প্রবল প্রকাশ ঘটেছিল কোথায় ?
```

```
উত্তর:- সনেটে।
২৪৩. 'পদ্মা নদীর মাঝি'র লেখক ও উপজীব্য কী ?
 উত্তর:- মানিক বন্দ্যোপাধ্যায়। জেলে জীবনের বিচিত্র সুখ Ans:-দুঃখ।
২৪৪. বাংলা সাহিত্যে প্রথম নাট্যকার রচিত নাট্যগ্রন্থ কোনটি ?
 উত্তর:- বসন্ত কুমারী।
২৪৫. নির্ঝারের স্বপ্ন ভঙ্গ কবিতায় রবীন্দ্রনাথের উপলব্ধি কী?
 উত্তর:- ভাঙ্গার পরেই গডার কাজ শুরু হয়।
২৪৬. কোন গ্রন্থটি ঢাকা হতে প্রথম প্রকাশিত হয় ?
 উত্তর:- নীল দর্পণ, রচয়িতা দীনবন্ধু মিত্র।
২৪৭. কাজী নজরুল ইসলাম কোন গ্রন্থটি রবীন্দ্রনাথকে উৎসর্গ করেছিলেন?
 উত্তর:- সঞ্চিতা।
২৪৮. ২১ ফেব্রুয়ারি গ্রন্থের সম্পাদক কে ?
 উত্তর:- হাসান হাফিজুর রহমান।
২৪৯. মানব জীবন, মহৎ জীবন, উন্নত জীবন, কার রচনা ?
 উত্তর:- ডা: লুৎফর রহমান।
২৫০. 'সিরাজাম মুনীরা' কার রচনা ?
 উত্তর:- ফররুখ আহমদ।
২৫১. রবীন্দ্রনাথের অপ্রকাশিত গ্রন্থ কোনটি ?
 উত্তর:- শেষ লেখা।
২৫১. মুক্তিযুদ্ধ ভিত্তিক উপন্যাস ও জীবনী গ্রন্থ কোনটি?
 উত্তর:- উপন্যাস -আগুনের পরশমণি, জীবনী Ans:-একাত্তরের দিনগুলো।
২৫২. স্বরচিত জীবন চরিত কার লেখা ? কত সালে? বিষয়বস্তু কী ?
 উত্তর:- দেবেন্দ্রনাথ ঠাকুরের। ১৮৯৮ খ্রিঃ। লেখকের ১৮ থেকে
8১ বছর পর্যন্ত বয়সের বিশিষ্ট ঘটনা।
২৫৩. বিশ্ব ভারতী কত সালে প্রতিষ্ঠিত হয়েছে?
 <u>উত্তর:- ১৯২১</u> খ্রিস্টাব্দে।
২৫৪. হযরত শাহজালাল ও সিলেটের ইতিহাস কার রচনা ?
 উত্তর:- সৈয়দ মূর্তজা আলী।
২৫৫. আধুনিক বাংলা সাহিত্যে মহাকবি কে ?
 উত্তর:- মাইকেল মধুসূদন দত্ত।
২৫৬. রবীন্দ্রনাথ ঠাকুরের হিংটিং ছট কবিতা কী বিষয়ক ?
```

```
উত্তর:- ব্যঙ্গ কবিতা।
২৫৭. 'সদ্ভাব কুসুম' গ্রন্থটির রচয়িতা কে ?
 উত্তর:- রজনী কান্ত সেন।
২৫৮. 'দেবকৌতুক' নাটকটির রচয়িতা কে ?
 উত্তর:- স্বর্ণকুমারী।
২৫৯. 'সূর্যের সিঁদি'' ও সামান্য ধন' কবিতা গ্রন্থের রচয়িতা কে ?
 উত্তর:- আব্দুল গনি হাজারী।
২৬০. 'মধুমালতী' কাব্যের অনুবাদক কে? এটি কোন ভাষা থেকে অনূদিত হয়েছে ?
 উত্তর:- দৌলত কাজী, হিন্দি থেকে।
২৬১. প্রফুল- কোন জাতীয় রচনা ? রচয়িতার নাম কী ?
 উত্তর:- ডঃ গিরীশ চন্দ্র ঘোষের প্রথম ও প্রধান সামাজিক নাটক।
২৬২. কলেল্লল পত্ৰিকা কত সালে প্ৰকাশিত হয় ?
 উত্তর:- ১৯২৩ সালে।
২৬৩. প্রমথ চৌধুরী কর্তৃক প্রকাশিত প্রখ্যাত সাহিত্য পত্রিকা ছিল কোনটি ?
 উত্তর:- সবুজ পত্র।
২৬৪. বাংলাদেশ তথা ভারতবর্ষের প্রথম মুদ্রিত সংবাদপত্র কোনটি?
 উত্তর:- বেঙ্গল গেজেট।
২৬৫. বেঙ্গল গেজেটে সাময়িক পত্রের প্রথম প্রকাশক কে ছিলেন ?
 উত্তর:- আগাস্টাস হিকি।
২৬৬. বেঙ্গল গেজেট প্রথম প্রকাশিত হয় কত সালে ?
 <mark>উত্তর:- ১</mark>৭৮০ খ্রিস্টাব্দে।
২৬৭. বাংলা ভাষায় প্রথম সাময়িক পত্র কোনটি ?
 উত্তর:- দিকদর্শন (মাসিক)।
২৬৮. কাজী নজরুল ইসলাম কোন পত্রিকার সম্পাদক ছিলেন ?
 উত্তর:- ধূমকেতু।
২৬৯. সাপ্তাহিক সুধাকর পত্রিকার সম্পাদক কে ছিলেন ?
 উত্তর:- শেখ আব্দুর রহীম।
২৭০. ১৯৮৮ সালে প্রকাশিত কোহিনুর পত্রিকার সম্পাদক কে ছিলেন?
 উত্তর:- এস কে এম রওশন আলী।
২৭১. সওগাত পত্রিকা মোহাম্মদ নাসির উদ্দিনের সম্পাদনায় প্রথম প্রকাশিত হয় কত সালে?
 উত্তর:- ১৯১৮ খ্রিস্টাব্দে।
২৭২. মোসলেম ভারত মাসিক সাহিত্য পত্রের প্রথম সম্পাদক কে ছিলেন?
```

```
উত্তর:- কবি মোজাম্মেল হক।
২৭৩. বাঙালি পরিচালিত প্রথম পত্রিকা কোনটি ?
  উত্তর:- বাংলা গেজেট।
২৭৪. মুসলিম সম্পাদিত প্রথম সাময়িকপত্র কী?
  উত্তর:- সমাচার সভারাজেন্দ্র।
২৭৫. ধূমকেতু পত্রিকার জন্য আর্শীবাদ পাঠিয়েছিলেন কে ?
 উত্তর:- রবীন্দ্রনাথ ঠাকুর।
২৭৬. বাংলা মৌলিক নাটক রচনার সূত্রপাত হয় কত সালে ?
  উত্তর:- ১৮৫২ খ্রিস্টাব্দে।
২৭৭. হে দারিদ্র্য তুমি মোরে করেছ মহান এ কবিতাংশের রচয়িতা কে?
  উত্তর:- কাজী নজরুল ইসলাম।
২৭৮. বৈরাগ্য সাধনে মুক্তি সে আমার নয় এ কবিতাংশের রচয়িতা কে?
 উত্তর:- রবীন্দ্রনাথ ঠাকুর।
২৭৯. হাসূলী বাঁকের উপকথা উপন্যাসের রচয়িতা কে ?
  উত্তর:- তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়।
২৮০. কোথায় স্বর্গ কোথায় নরক পংক্তিটি কার রচনা ?
 উত্তর:- ফজলুল করিমের।
২৮১. যুদ্ধ মানেই শত্রু খেলা, যুদ্ধ মানেই আমার প্রতি তোমার অবহেলা - উক্তিটি কার?
 উত্তর:- নির্মলেন্দু গুণ।
২৮২. ফুলের গন্ধে ঘুম আসে না একলা জেগে রই পংক্তটি কার রচিত?
  <mark>উত্তর:- যতীন্দ্র মোহন বাগচী।</mark>
২৮৩. 'সারেং বৌ' (১৯৬২), সংশপ্তক (১৯৬৫) উপন্যাসের রচয়িতা
কে? Ans:-শহীদুলল্লহ কায়সার।
২৮৪. শহীদুল্লাহ কায়সার রচিত Ans:- রাজবন্দীর রোজনামচা হচ্ছে স্মৃতিকথা।
২৮৫. 'কাশবনের কণ্যা' উপন্যাসের রচয়িতা কে? Ans:-শামসুদ্দিন আবুল কালাম।
২৮৬. 'পাপের সন্তান' (১৯৬৯) উপন্যাসের রচয়িতা কে? Ans:- সত্যেন সেন।
২৮৭. সমরেশ বসু কোন ছদ্মনামে লিখতেন? Ans:- কালকূট।
২৮৮. 'অনেক সূর্যের আশা' Ans:- উপন্যাসের রচয়িতা কে? Ans:- সরদার জয়েনউদ্দীন।
২৮৯. 'শবনম' উপন্যাসের রচয়িতা কে? Ans:-সৈয়দ মুজতবা আলী।
২৯০. 'পথের পাঁচালী' উপন্যাস কে লিখেছেন? Ans:- বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়।
```

সব ধরনের ই-বুক ডাউনলোডের জন্য

MyMahbub.Com

MyMahbub.Com

সব ধরনের ই-বক ডাউনলোডের জন্য